শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -৯৭১ (৪০)

তারিখ ঃ ২০ কার্তিক ১৪৩০। / ০৫ নভেম্বর ২০২৩।

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ০৯ নভেম্বর, ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের নভেম্বর, ২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ০৮-১১-২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১) ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম। (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২০) চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) জনাব.......................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -৯৭১ (৪০)/১(৪)

তারিখ ঃ ২০ কার্তিক ১৪৩০। / ০৫ নভেম্বর ২০২৩।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : নভেম্বর, ২০২৩ সভার তারিখ: ০৯/১১/২০২৩, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 02986880025 | — | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01745763080 | uaofulkuri@gmail.com | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718455798 | ulophulbarik@dls.gov.bd | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | | | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | [illegible]@gmail.com | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kur@lged.gov.bd | 09.11.23 |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718996474 | ueofulkuri@gmail.com | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | | | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | usеofulbarikurigram@gmail.com | |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | usso.phulbari@gmail.com | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01728463377 | awal3377@gamil | |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716415990 | upazilacoopphulbari@gmail.com | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01703508903 | ufpofullbari2@gmail.com | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofulkuri@gmail.com | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01721-765008 | | |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425104 | wasandpi1@gmail.com | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415111 | | |

উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : নভেম্বর, ২০২৩   সভার তারিখ: ০৯/১১/২০২৩, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 0171838704 5 | | ৯/১১/২৩ |

একই নম্বর স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# উপজেলা পরিষদ
## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## নভেম্বর, ২০২৩ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ০৯ নভেম্বর, ২০২৩। |
| সময় | ঃ | বেলা ১১.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার জনাব সিব্বির আহমেদ সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়- (বিভাগীয় কার্যাবলী) আলোচনা :**

**উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি)**

সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম জানান যে, উপজেলা পরিষদের স্টৈারে পরিত্যাক্ত ৩টি মটর সাইকেল, ১টি জেনারেটর রয়েছে। যা নিলামের মাধ্যমে বিক্রয় করা প্রয়োজন এবং ঐ গুলির আনুমানিক মূল্য টাকা=৩৫,০০০/- মাত্র হতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হলো এবং সভায় উপজেলা প্রকৌশলী'কে নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হলো।

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৪৫.১৪.১৫৭ তারিখ-১৭/১০/২০২১খ্রিঃ তারিখ মূলে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন প্রজাতির ৩৮(আটত্রিশ)টি জীবিত গাছ কর্তন ও নিলামে বিক্রয়ের অনুমতি দেয়া হয়েছে। এই প্রেক্ষিতে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের স্থলে বিভিন্ন প্রজাতির ১২(বার)টি জীবিত গাছ পূর্বে নিলামে বিক্রয় করা হয়েছে। অবশিষ্ট গাছ গুলির মধ্যে আরও ১২(বার)টি গাছ যার সরকারি মূল্য টাকা=১৬২০০০/- মাত্র পরিষদের অভ্যন্তরের সৌন্দর্য বৃদ্ধির জন্য নিলামের মাধ্যমে বিক্রয় করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হলো এবং সভায় উপজেলা প্রকৌশলী'কে ১২(বার)টি গাছ নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হলো।

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন ভবনের সাথে সংযোগের নিমিত্তে সংযোগ সড়ক নির্মাণ ও সৌন্দর্য বৃদ্ধিকরণের জন্য নিম্নবর্ণিত রাস্তাগুলির প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে।

| প্যাকেজ নং | সংযোগ সড়ক ও কাজের বর্ণনা | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের ক্যাম্পাসে বিভিন্ন অফিসের মধ্যে সংযোগ স্থাপনের জন্য ইউনি -ব্লক দ্বারা সড়ক উন্নয়নকরণ। | ৩৪,৭৫,৬৫৮.০০ |
| | মোট = | ৩৪,৭৫,৬৫৮.০০ |

সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, চলতি ২০২৩-২০২৪খ্রিঃ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় স্কিমগুলি বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগে বরাদ্দের জন্য অনুরোধ করা যেতে পারে। এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হলো। সভায় উপজেলা নির্বাহী অফিসারকে স্থানীয় সরকার বিভাগে বরাদ্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(চলমান/২)

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন ভবনের সাথে সংযোগের নিমিত্তে সংযোগ সড়ক নির্মাণ ও সৌন্দর্য বৃদ্ধি করণের জন্য নিম্নবর্ণিত রাস্তাগুলিসহ পুরাতন প্রশাসনিক ভবনের মেরামত/সংস্কার কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা চলতি অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল হতে পর্যায়ক্রমে ব্যয় করা যেতে পারে। যেহেতু উপজেলা রাজস্ব তহবিলে অর্থ রয়েছে সেহেতু ব্যয় করার প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে অনুরোধ করা যেতে পারে।

| প্যাকেজ নং | সংযোগ সড়ক ও কাজের বর্ণনা | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের মেইন গেট হতে নতুন নির্মিত প্রশাসনিক ভবনের সাথে সংযোগ স্থাপনের জন্য ইউনি - ব্লক দ্বারা সড়ক উন্নয়নকরণ। | ৩৭,৩৮,১৬৬.০০ |
| ২ | (ক) উপজেলা পরিষদের নতুন নির্মিত প্রশাসনিক ভবনের সামনে সৌন্দর্য বৃদ্ধির জন্য পানির ফোয়ারা নির্মাণকরণ। | ৯,২৭,৭৩৩.৪১ |
| | (খ) উপজেলা পরিষদের ক্যাম্পাসে প্রস্তাবিত নতুন সংযোগ সড়কের ২ পার্শ্বে বাগান/গাছ লাগানো। | ১২,৫০,০০১.০০ |
| | (গ) পুরাতন প্রশাসনিক ভবনে নতুনভাবে অফিস স্থাপনের জন্য মেরামত/ সংস্কার করণ। | ১১,৬৩,২৩৬.৮৪ |
| | মোট = | ৭০,৭৯,১৩৭.২৫ |

এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হলো। সভায় উপজেলা নির্বাহী অফিসারকে স্থানীয় সরকার বিভাগে বরাদ্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে ব্যবহারের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ এবং উপজেলা প্রকৌশলীর কক্ষ Interior Design করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হলো। সভায় উপজেলা এডিপি তহবিল হতে ২০,০০,০০০/- টাকার মধ্যে কোটেশনের মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হলো এবং উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে ব্যবহারের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান কক্ষে ১ সেট সোফা, উপজেলা নির্বাহী অফিসারের কক্ষে ১ সেট সোফা উপজেলা রাজস্ব তহবিল হতে ক্রয় করা যেতে পারে এবং পুরাতন আসবাবপত্র সমূহ মেরামত করা যেতে পারে। এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হলো। সভায় উপজেলা রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- এবং মেরামত বাবদ=৫০,০০০/- সহ মোট=৩,৫০,০০০/- টাকার মধ্যে কোটেশনের মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হলো এবং উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর(এডিপি) আওতায়, চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য স্কীম দাখিল না করায় উক্ত স্কীম ব্যতিরেকে স্থানীয় চাহিদা ও বাস্তব অবস্থার উপর ভিত্তি করে গত ১২/১০/২০২৩খ্রিঃ তারিখ অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে সভায় ২১(একুশ) টি স্কিম প্রকল্প বাস্তবায়ন কমিটির(পিআইসি) মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। বর্তমানে চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য স্কীম দাখিল করায় উক্ত স্কিমসহ দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য নিম্নবর্ণিত স্কিমসমূহ গ্রহণ করা যেতে পারে।

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও অবস্থান | বরাদ্দ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | পাঠানটারী জামে মসজিদ উন্নয়নকরণ। | ৩০০০০০/- | দরপত্র |
| ২ | বুদারবান্নী জামে মসজিদ উন্নয়নকরণ। | ১০০০০০/- | দরপত্র |
| ৩ | খালিসা কোটাল রাস্তা এইচবিবি করণ। | ৩০০০০০/- | দরপত্র |
| ৪ | জনদ্দি বাজার হতে প্রাণকৃষ্ণ রাস্তা এইচবিবিকরণ। | ৩০০০০০/- | দরপত্র |
| ৫ | নাওডাংগা ইউপির ফুলমতি মৌজার নুর ইসলামের বাড়ি হতে একাব্বরের বাড়ির রাস্তা সিসিকরণ। | ৪০০০০০/- | দরপত্র |
| ৬ | কাশিপুর ইউপির মজিদুলের বাড়ির রাস্তা সিসিকরণ। | ১০০০০০/- | দরপত্র |
| ৭ | শিমুলবাড়ী ইউপির মকবুল হোসেনের বাড়ির রাস্তা প্যালাসাইডিং করণ। | ২০০০০০/- | দরপত্র |
| ৮ | নাগদাহ সাহেবের বাড়ির রাস্তা সিসিকরণ। | ১০০০০০/- | দরপত্র |
| ৯ | জলিল বসুনিয়ার বাড়ির রাস্তা সিসিকরণ। | ১০০০০০/- | দরপত্র |
| ১০ | প্রাণকৃষ্ণ ইদ্রিস মেলেটারীর বাড়ির রাস্তা সিসিকরণ। | ১০০০০০/- | দরপত্র |
| ১১ | ভাংগামোড় আলতাফ ড্রাইভারের বাড়ির রাস্তা সিসিকরণ। | ২০০০০০/- | দরপত্র |
| ১২ | এমদাদুলের বাড়ির রাস্তা সিসিকরণ। | ২০০০০০/- | দরপত্র |
| ১৩ | বজরে খামার আক্কাছের বাড়ির রাস্তা সিসিকরণ। | ১০০০০০/- | দরপত্র |
| ১৪ | মোহরটারী মাদরাসা উন্নয়নকরণ। | ২০০০০০/- | দরপত্র |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | কাশিপুর বাজার হতে কলেজগামী রাস্তার আহাম্মদ ব্যাপীর বাড়ির রাস্তা সিসিকরণ। | ১০০০০০/- | দরপত্র |
| ১৬ | কাশিপুর ইউপির একরামুল এডিসি'র বাড়ির রাস্তা সিসিকরণ। | ৫০০০০০/- | দরপত্র |
| ১৭ | মফিজউদ্দিন এফতেদায়ী মাদরাসা মেরামতকরণ। | ১৫২২৪৩/- | দরপত্র |
| ১৮ | ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তার বাসার রাস্তা সিসিকরণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ১৯ | মধ্য চন্দ্রখানা আদর্শ সপ্রাবি'র ব্যাচ রক্ষার জন্য প্যালাসাইডিং করণ। | ২০০০০০/- | দরপত্র |
| ২০ | আব্দুল আউয়াল প্রভাষকের বাড়ির রাস্তা সিসিকরণ। | ১০০০০০/- | দরপত্র |
| ২১ | ফুলবাড়ী ডিগ্রী মহাবিদ্যালয়ের ছাত্রাবাস নির্মাণকরণ। | ৫০০০০০/- | দরপত্র |
| ২২ | উপজেলা প্রাণিসম্পদ অফিসের ছাগল/গরুর চিকিৎসার জন্য সেড নির্মাণকরণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ২৩ | শিমুলবাড়ী ইউপির পুরাতন ভবন মেরামতকরণ। | ৫০০০০০/- | দরপত্র |
| ২৪ | মোঃ খয়বর চেয়ারম্যানের বাড়ির সামনের পাকা রাস্তার অসমাপ্ত কাজ সমাপ্ত করণ। | ২০০০০০/- | দরপত্র |
| ২৫ | পূর্ব চন্দ্রখানা বহুমুখী উচ্চ বিদ্যালয়ের শ্রেণী কক্ষ নির্মান। | ৫০০০০০/- | দরপত্র |
| ২৬ | ভাংগামোড় ইউপির ২নং ওয়ার্ডের নকিবুলের বাড়ি হতে খালেকের বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ২৭ | ভাংগামোড় ইউপির ২নং ওয়ার্ডের রজব আলী শেখের বাড়ি হতে আব্দুস সাত্তার মুন্সির বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ২৮ | আটিয়াবাড়ী মৌজার আব্দর রহমানের বাড়ি হতে পরেশ চন্দ্রের বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ২৯ | বড়লই সুফিয়ার মোড় আজাদ বিডিআর এর বাড়ি হতে আউলিয়ার পাঠ পর্যন্ত রাস্তা সিসিকরণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ৩০ | খোকা মাঝির বাড়ি হতে ওয়াপদাবাঁধ পর্যন্ত রাস্তা সিসিকরণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ৩১ | বজরের খামার মহসিন ব্যাংকারের বাড়ির রাস্তা সিসিকরণ। | ১০০০০০/- | দরপত্র |
| ৩২ | চিনাবাড়ী জামে মসজিদ উন্নয়নকরণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ৩৩ | উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে ব্যবহারের জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ এবং উপজেলা প্রকৌশলীর কক্ষ Interior Design করণ। | ২০০০০০০/- | কোটেশন |
| ৩৪ | (ক) বোয়াইলভীর হতে কুটিবাড়ী সড়কে শহিদুলের বাড়ির পার্শ্বে ১টি ইউড্রেন নির্মাণ। (খ) বাবু প্রামানিক ও আলম আর্মির বাড়ির পার্শ্বে সড়ক মেরামতের জন্য পুকুরের প্যালাসাইডিং করণ। | ৩৪০১১২/- | কোটেশন |
| ৩৫ | ফুলবাড়ী বালারহাট রাস্তায় প্যালাসাইডিং করণ। | ৫০০০০/- | দরপত্র |
| ৩৬ | এডিপি আনুসাংগিক ব্যয় | ৬৩০০০/- | ডিপিএম |
| | মোট= | ৯২০৫৩৫৫/- | |

**প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | ফুলবাড়ী ইউপিতে বিভিন্ন আদর্শ কৃষকদের মাঝে স্প্রে-মেশিন বিতরণ করণ। | | | ২০০০০০/- | প্রঃ কমিটি |
| | ১। মোঃ হারুন-অর-রশিদ | ইউপি চেয়ারম্যান | সভাপতি | | |
| | ২। মোঃ কাবিদুল ইসলাম | গণ্যমান্য | সদস্য সচিব | | |
| | ৩। মোঃ মিজানুর রহমান | শিক্ষক | সদস্য | | |
| | ৪। মোঃ মিজানুর রহমান | ঈমাম | সদস্য | | |
| | ৫। মোঃ সুরুজ্জামান মিয়া | মুক্তিযোদ্ধা | সদস্য | | |
| | ৬। মোঃ আশরাফুল আলম মন্ডল | সমাজ সেবক | সদস্য | | |
| | ৭। মোছাঃ আম্বিয়া বেগম | সমাজকর্মী | সদস্য | | |
| ২ | ফুলবাড়ী ইউপিতে পানি নিষ্কাশনের জন্য বিভিন্ন রাস্তায় আরসিসি পাইপ স্থাপন করণ। | | | ১০০০০০/- | প্রঃ কমিটি |
| | ১। মোঃ হাসেম আলী | ইউপি সদস্য | সভাপতি | | |
| | ২। মোঃ মিজানুর রহমান | গণ্যমান্য | সদস্য সচিব | | |
| | ৩। মোঃ আবু বকর সিদ্দিক | শিক্ষক | সদস্য | | |
| | ৪। মোঃ মিজানুর রহমান | ঈমাম | সদস্য | | |
| | ৫। মোঃ সুরুজ্জামান | মুক্তিযোদ্ধা | সদস্য | | |
| | ৬। মোঃ কাবিদুল ইসলাম | সমাজ সেবক | সদস্য | | |
| | ৭। মোছাঃ কহিনুর বেগম | সমাজকর্মী | সদস্য | | |

(চলমান/৪)

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত অক্টোবর, ২০২৩ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২২১১টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১৩১৬৫টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৬৫৪৮০টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৩২০০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৩৮০টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>৯৮ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৪টি</td></tr>
<tr><td>৮</td><td>এ মাসে খামারী প্রশিক্ষণ</td><td>৭০০জন</td></tr>
<tr><td>৯</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা</td><td>৭০ জন</td></tr>
<tr><td>১০</td><td>খামার পরিদর্শন</td><td>১৩টি</td></tr>
<tr><td>১১</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>২.১৫ একর</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশুর লাম্পি রোগ সম্পর্কে সজাগ থাকতে হবে এবং রোগাক্রান্ত পশু জবাই না করার ব্যাপারে মনিটরিং কার্যক্রমসহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম এবং বিভিন্ন রোগের চিকিৎসাসহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। হাসপাতালের ল্যাব চালু আছে বিভিন্ন প্রকার রোগের টেষ্ট হচ্ছে । সিজারের মাধ্যমে বাচ্চা প্রসব করানো হচ্ছে। জ্বর হলে ডেঙ্গু টেষ্ট হচ্ছে ডেঙ্গুর সিমটম বিভিন্ন সময় পরিবর্তন হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন যে, ডেঙ্গু প্রকোপ সারা দেশে আছে এ উপজেলায় ও দুই একজন আক্রান্ত হয়েছে। বাড়ীর আশেপাশে পরিস্কার পরিছন্নতা রাখা এবং জলাবদ্ধতা নিরসন করার জন্য আহবান জানান।</td><td>সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) গতখরিপ-২ মৌসুমে অত্র উপজেলায় ১১,৩৫৫ হেঃ আবাদকৃত রোপা আমন ধানের চাষ হয়। উক্ত রোপা আমন ধান কর্তন প্রায় শেষ। হেক্টর প্রতি ফলন আশানুরুপ পাওয়া যাবে বলে ধারনা করা হচ্ছে।<br>(খ) চলতি রবি মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচির ২০২৩-২০২৪ আওতায় সরিষা,গম,ভুট্টা,চিনাবাদামসহ মোট ০৯টি ফসলে সর্বমোট ৩,৮৯৫ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষিক েবিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে।</td><td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা মৎস্য অফিস</td><td>উপজেলা মৎস্য অফিসার (অ:দা:) ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ১২ অক্টোবর থেকে ০২ নভেম্বর পর্যন্ত মোট ২২ দিন ইলিশ সংরক্ষণ অভিযান পরিচালিত হয়। উপজেলার ছয়টি ইউনিয়নে বিভিন্ন হাট- বাজার ও বিল, জলাশয়ে অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা করে কারেন্ট জাল ও চায়না দোয়ারী জাল জব্দ করে জনসম্মুখে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।</td><td>সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা মৎস্য অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান/৫)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>(ক) অক্টোবর, ২০২৩ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতের আওতায় ৮১৮ জনকে ১,৬৪,২০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) অক্টোবর, ২০২৩ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১২৯ জনকে ১৭,৬১,৩৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) অক্টোবর, ২০২৩ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় পর্ব প্রকল্পের আওতায় ৩৬২ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। অক্টোবর, ২০২৩ পর্যন্ত ৮১২৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৬%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৮% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির নতুন কারিকুলাম মূল্যায়ন বিষয়ক "নৈপুণ্য" এ্যাপস এ রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান।<br>২। ২০২৪ শিক্ষাবর্ষ পাঠ্য পুস্তক প্রাপ্ত কার্যক্রম চলমান।<br>৩। ২০২৪ শিক্ষাবর্ষের ৮ম ও ৯ম শ্রেণির নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পর্যায়ে মাষ্টার ট্রেইনার প্রশিক্ষণ সম্পন্ন।<br>৪। বৈজ্ঞানিক যন্ত্রপাতি সমুহ যথাযথ সংরক্ষণ ও ষ্টক রেজিষ্টারে লিপিবদ্ধসহ শ্রেণি পাঠদানের কার্যক্রম চলমান।<br>৫। আইএমএস মডিউল-২০২৩ সালে প্রতিষ্টানের অনলাইনে তথ্য আপলোড কার্যক্রম চলমান।<br>৬। এসএসসি(ভোক:) নবম শ্রেণির সমাপনী পরিক্ষা-২০২৩ চলমান।<br>৭। উপবৃত্তি ও মেধাবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীওদর ভুল তথ্য সংশোধন কার্যক্রম চলমান।<br>৮। বার্ষিক পরীক্ষা-২০২৩ এর প্রস্তুতি সম্পন্ন।<br>৯। শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব সাইট খোলার বিষয়ে প্রধানগণকে নির্দেশনা প্রদান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক অক্টোবর/২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br>১। ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের সেপ্টেম্বর/২০২৩ মাসের চাউল (খাদ্য শষ্য) বিতরণ প্রক্রিয়াধীন।<br>২। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন চলমান রয়েছে।<br>৩। অত্র কার্যালয়ে রাজস্ব ডব্লিউটিসি (সেলাই) প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>৪। অত্র উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | সভায় আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্তকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৬)

| | | | |
|---|---|---|---|
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। চলতি মাসে ৭৫,০০০/- টাকা ঋণ আদায় হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ চালু করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সবার অবগতির জন্য জানান যে, বর্তমানে কোন লোডসেডিং নেই। | ফুলবাড়ী উপজেলায় সঠিকভাবে বিদ্যুৎ বিতরণের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস। |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষক বদলি প্রক্রিয়া চলমান। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে :<br>১। প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান কার্যক্রমের শ্রেণি হালনাগাদ ও নতুন শিক্ষার্থীর এন্ট্রি চলমান রয়েছে।<br>২। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের কারিকুলাম ডেসিমিনেশন প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে;<br>৩। যে সকল বিদ্যালয়ের এস.এম.সি গঠন হয়নি, সে সকল বিদ্যালয়ের এস.এম.সি গঠনের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত অক্টোবর, ২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়:<br>ফুলবাড়ী উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা = ৪৩২০৭ জন, পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা = ৩৪৯৯৫ জন, এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.৯৯%<br>১। পুরুষ বন্ধ্যাকরণ-০৩, ২। মহিলা বন্ধ্যাকরণ-০১ জন; ৩। আইইউডি-৫৭ জন; ৪। ইমপ্লান-৫২ জন, ৫। ইনজেকশন-৩০৫৪ জন, ৬। খাবার বড়ি ৮৭৭৮ জন; ৭। কনডম-২৮২ জন; ৮। মোট গর্ভবতী সংখ্যা- ১৩৪৪ জন; ৯। সেবা প্রাপ্ত গর্ভবতীর সংখ্যা ৯৮৩ জন, ১০। মোট প্রসব সংখ্যা-২২৮ জন; ১১। ০-০৫ বছরের শিশুর সেবা- ৬৭৯ জন; ১২। সাধারণ রোগীর সেবা-২৬৭০ জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ফুলবাড়ী উপজেলার বিভিন্ন স্থানে মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে। একাই পুলিশ বিভাগের পক্ষে মাদক নির্মূল করা সম্ভব নয়। সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ ও জন প্রতিনিধিদের সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। প্রতিটি অভিভাবককে তাদের ছেলে মেয়েদের প্রতি নজর রাখার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ১। মাদক প্রতিরোধের লক্ষ্যে পুলিশি অভিযান জোরদার করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদ চত্বরে ঝুকিপূর্ণ পুরাতন অকেজো স্থায়ী-অস্থায়ী স্থাপন অপসারনে কাজ চলিতেছে। সেক্ষেত্রে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী উপজেলায় একটি ঝুকিপূর্ণ পুরাতন আবাসিক ভবন রয়েছে। যাহা অপসারণ করা প্রয়োজন। | বিভাগীয় কার্যাবলীসহ উক্ত ঝুকিপূর্ণ ভবনটি অপসারণ করনের জন্য গৃহীত পদক্ষেপ প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৭)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন ভাতা বিতরণ কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে অবহিত করেন যে, নির্বাচনকালীন নির্বাচন অফিসসহ উপজেলা পরিষদের নিরাপত্তা জোরদার করা প্রয়োজন। তাছাড়া বীর মুক্তিযোদ্ধা মজিবর রহমান বলেন যে, মসজিদের মাইক চুরি হয়েছে এবং মডেল মসজিদ থেকে একটি বাইসাইকেল চুরি হয়েছে। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদ চত্বরে আনসার সদস্য মোতায়েন করা যেতে পারে। | উপজেলা পরিষদ চত্বরে নিরাপত্তা স্বাভাবিক রাখার জন্য ০২ (দুই) জন আনসার সদস্য মোতায়েনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত নভেম্বর/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১০,০৯৮/-(দশ হাজার আটানব্বই) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, চেয়ারম্যান উপজেলা পরিষদ ও আনসার সেড উপজেলা পরিষদ ব্যবহৃত নভেম্বর/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১০,০৯৮/-(দশ হাজার আটানব্বই) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | (খ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ ৩(প) অনুচ্ছেদে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় বাবদ সর্বোচ্চ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যাবে। আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষে ফুলবাড়ী উপজেলা পরিষদে নিরাপত্তা নিশ্চিত করার জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা জন্য উপস্থিত সদস্যগণ একমত পোষন করেন। ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা উত্তোলনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষে ফুলবাড়ী উপজেলা পরিষদে নিরাপত্তা নিশ্চিত করার জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপনে ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা উত্তোলনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, ফুলবাড়ী ইউনিয়নের কুটিচন্দ্রখানা মৌজায় আজিজের জোলে নির্মিত কালভার্ট সাম্প্রতিক অতি বৃষ্টিপাতের ফলে প্রবল পানির চাপে আংশিক ক্ষতিগ্রস্থ হয়েছে। জনসাধারনের চলাচল করা খুবই কষ্টকর হয়ে পড়েছে। এই প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী কার্যালয়ের একজন উপ-সহকারী প্রকৌশলী'কে সরেজমিনে গিয়ে দেখার জন্য বলা হলে তিনি জানান যে, জনসাধারনের চলাচলের জন্য জরুরী ভাবে পুরাতন ব্যাটস ফেলে জনসাধারনের চলাচলের ব্যবস্থা নেয়া যেতে পারে। চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা-২০২০ এর অপ্রত্যাশিত খাত হতে । যার মেরামত বাবদ ব্যয় আনুমানিক ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হবে। এ বিষয়ে সভায় আলোচনান্তে অনুষ্ঠিত হয়। | আলোচনান্তে চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল হতে = ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে জরুরীভাবে মেরামত কাজটি সম্পাদন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং সভায় উপজেলা প্রকৌশলী'কে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br><br>প্রকল্পের নাম : ফুলবাড়ী ইউনিয়নের কুটিচন্দ্রখানা মৌজায় আজিজের জোলে নির্মিত কালভার্ট মেরামত করণ। প্রাক্কলিত মূল্য= ১,৫০,০০০/-<br><u>প্রকল্প বাস্তবায়ন কমিটি</u> :<br>১।মো: মাহাবুল হক খন্দকার, ইউপি সদস্য, বড়ভিটা — সভাপতি<br>২। মো: এনামুল হক, শিক্ষক — সদস্য<br>৩। মো: মোশারফ আলী, ঈমাম — সদস্য<br>৪। মো: সাহেব আলী, মুক্তিযোদ্ধা — সদস্য<br>৫। মো: রুহুল আমিন, গণ্যমান্য — সদস্য-সচিব | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২৩-৯৮৬ তারিখ : ২৮ কার্তিক, ১৪৩০। ১৩ নভেম্বর, ২০২৩।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ........................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা.....................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব..................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।

১৩/১১/২৩

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০২৫৮৯৯-৫৩৪১১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd